## পঁচিশ বছর পর

আব্দুল মান্নান চৌধুরী

পঁচিশ বছর পর। দুই চোখ খুলে
এখনো দেখতে পাই পান-পাতা মুখ
সরু পথ হেঁটে যায়, যায় দুলে দুলে
দেখি লাল স্কার্ট যায়, হেঁটে যায় সুখ।

ডুবন্ত বিকেলে আজ জীবনে যা চাই
পাথর অগ্রাহ্য করে ঝর্ণা ছুটে যায়
প্রেম ছুটে যায় নাকি? মনে পড়ে তাই
নদীটাও ছুটে গিয়ে কোথায় হারায়!

দুটি হাত তার দিকে, দেয় না সে ধরা
সাহারা এ বুকে কিছু পাখি উড়ে যায়
জল নেই এক বিন্দু, শেষ নেই খরা
পঁচিশ বছর পার। মন তাকে চায়।

লজ্জা মেশা দুটি চোখ, হন্তদন্ত হাঁটা
আহা কি সৌন্দর্যে তার রয়ে গেছে কাঁটা।

## ছায়া

শঙ্খশুভ্র পাত্র

পরিত্যক্ত পরিখার ধারে
মন খারাপের ছায়া পড়ে আছে।
কতদিন পরে একটি বিষণ্ণ ঘুঘু
একটানা ঘু ঘু ডেকে উঠল।
নির্জন দুপুরে।

নাড়া মাঠে ছেঁড়া হারের মতো
ধানের ছড়া পড়ে আছে ইতস্তত ...
দুখিনী বালিকা তার মলিন কোঁচড়ে
ভরে তুলছে অন্নপূর্ণা ...
গাভীগুলি নিশ্চিন্তে ঘাস খাচ্ছে।

পরিত্যক্ত পরিখার ধারে
মন খারাপের ছায়ায় কখন ঘুমিয়ে পড়েছে
গাঁয়ের রাখাল ...